

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৬৯

আগরতলা, ১১ নভেম্বর, ২০২৪

চতুর্দশ দেবতা মন্দির ও কসবা কালি মন্দির পরিদর্শনে রাজ্যপাল



রাজ্য সরকার পর্যটন কেন্দ্রগুলির বিকাশে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। ত্রিপুরার ধর্মীয় পর্যটন কেন্দ্রগুলিকে এক্ষেত্রে বিশেষ প্রাধান্য দেওয়া হয়েছে। আজ সকালে চতুর্দশ দেবতা মন্দির ও কসবা কালি মন্দির পরিদর্শন করে সংবাদমাধ্যমকে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। রাজ্যপাল খয়েরপুরের চতুর্দশ দেবতা মন্দিরে পৌঁছালে বিধায়ক রতন চক্রবর্তী এবং জেলা প্রশাসনের আধিকারিকগণ রাজ্যপালকে স্বাগত জানান। রাজ্যপাল চতুর্দশ দেবতা মন্দিরে পূজো দেন। তিনি চতুর্দশ দেবতা মন্দিরে উন্নয়নের বিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন। এরপর তিনি কমলাসাগরে কসবা কালি মন্দির পরিদর্শন করেন এবং পূজো দেন। সাংবাদিকদের তিনি বলেন, রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার ত্রিপুরার পর্যটন কেন্দ্রগুলির উন্নয়নে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে। আজ কসবা কালি মন্দিরে রাজ্যপালকে স্বাগত জানান সিপাহীজলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বি জে রেড্ডি। এরপর রাজ্যপাল সীমান্তরক্ষী বাহিনীর কমলাসাগর পোষ্ট পরিদর্শন করেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
